# Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 10 April, 2025

পটুয়াখালীর বাউফলে এসএসসি পরীক্ষার্থী মেয়ে তাসফিয়াকে নিয়ে ভাড়ায় চালিত মোটরসাইকেল যোগে বাড়ি থেকে পরীক্ষা কেন্দ্রে যাচ্ছিলেন বাবা মাহবুবুর রহমান। পথে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন তিনি। দ্রুত মাহবুবুর রহমানকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয় আর মেয়েকে পরীক্ষা কেন্দ্রে পাঠিয়ে দেওয়া হয়।হাসপাতালে নেওয়ার পর কর্তব্যরত চিকিৎসক মাহবুবুর রহমানকে মৃত ঘোষণা করেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার (১০ এপ্রিল) বাউফল উপজেলার কেশবপুর ইউনিয়নের ভরিপাশা গ্রামের নিজ বাড়ি থেকে কালিশুরী এসএ ইনষ্টিটিউশন কেন্দ্রে যাচ্ছিলেন মাহবুবুর রহমান।ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক তিনি।মেয়ে তাসফিয়াকে নিয়ে বাড়ি থেকে সকাল ৯টার দিকে রওনা দেন তিনি।

গাজিমাঝি বাজার এলাকায় পৌঁছালে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন মাহবুবুর রহমান। এসময়ে স্থানীয়রা মেয়েকে পরীক্ষা কেন্দ্রে আর বাবাকে হাসপাতালে পাঠিয়ে দেন।

কালিশুরী এসএ ইনষ্টিটিউশন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মো. ইউসুফ বলেন, তাসফিয়া পরীক্ষা দিচ্ছে।এখন পর্যন্ত সে জানে না তার বাবা বেঁচে নেই।অপরদিকে তাসফিয়ার বাবা মাহবুবুর রহমানের লাশ বাড়িতে নেওয়া হয়েছে।পরিবারে চলছে শোকের মাতম।

কালিশুরী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ জানান, মাহবুবুর রহমানের তিন মেয়ের মধ্যে তাসফিয়া মেঝ। পরীক্ষার পর তাসফিয়া জানবে তার বাবা আর নেই।

পটুয়াখালী এসএসসি পরীক্ষা কেন্দ্র

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 08:51

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/556434539